গোপনীয়

**বাংলাদেশ কৃষি ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২**

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭১(শৃঙ্খলা)(২০১৭-২০১৮)/২০১৯-২০২০/ তারিখ ঃ ২৯.০৮.২০১৯ খ্রিঃ

**কর্মী সংক্রান্ত ঘোষণা**

যেহেতু আপনি জনাব মোঃ হারুনুর রশিদ, মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, লক্ষীপুর ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, চরফলকন শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাৎমূলক অপরাধের জন্য ২৫/১৭-১৮ নম্বর শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা রুজু করিয়া হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩ (বর্তমানের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২) এর ০৭.০৫.২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭১/২০১৭-২০১৮/৩৯০৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা ও ০৫.০৭.২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭১/২০১৭-২০১৮/২৯ নম্বর স্মারক মূলে সম্পূরক অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ হারুনুর রশিদ আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দন্ডে দন্ডিত করা হইবে না এই মর্মে অত্র বিভাগের ১২.০৫.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭১ (শৃঙ্খলা/২০১৭-২০১৮)/২০১৮-১৯/৩৪৭৮ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ হারুনুর রশিদ প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ১২.০৫.২০১৯ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাৎমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরুদন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ) (আ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ হারুনুর রশিদ আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিবার জন্য আদেশ দিলেন। ইহাছাড়া, আপনার উপর আরোপিত চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্তের আদেশ প্রত্যাহার, উক্ত সময়ে প্রাপ্ত খোরাকী ভাতার অতিরিক্ত আর কোন বেতন-ভাতাদি প্রদান না করার জন্যও নির্দেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ হারুনুর রশিদ
ভঃতঃসূচক নং-এইচ-৩০৯
মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, লক্ষীপুর।

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৭১(শৃঙ্খলা)(২০১৭-২০১৮)/২০১৯-২০২০/ ৫৭৮(১৩) তারিখঃ ২৯.০৮.২০১৯ খ্রিঃ
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
০৭। উপ-মহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ/পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় মোতাবেক জনাব মোঃ হারুনুর রশিদ এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি,চরফলকন শাখার প্রদেয় খাতে জমা করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।**
০৯। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
১০। **উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।**
১১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, লক্ষীপুর। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব মোঃ হারুনুর রশিদ এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। এছাড়া ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী শাখা কর্তৃক তাহা বাস্তবায়নের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হইল।
১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, লক্ষীপুর। শাখা পরিদর্শনকালে এতদ্বিষয়ক রায় শাখা কর্তৃক যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি যাচাইকরণের জন্য অনুরোধ করা হইল।
১৩। ব্যবস্থাপক, বিকেবি, চরফলকন শাখা, লক্ষীপুর। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব মোঃ হারুনুর রশিদ এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা এককালীন কর্তনের ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর তাহা শাখার প্রদেয় খাতে জমা করিরার জন্য অনুরোধ করা হইল। এছাড়া ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
১৪। নথি / মহানথি/ মূলনথি ।

২৯/০৮/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

D:\Sajedur Rahman\Sajedur Main Document\SAJEDUR ANNOUNS.doc